# সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড
## (পেট্রোবাংলার একটি কোম্পানি)

## তথ্য অধিকার বিষয়ক
# প্রচারপত্র

১. তথ্যের অবাধ প্রবাহ এবং জনগণের তথ্য অধিকার নিশ্চিতকরণের লক্ষ্যে তথ্য অধিকার আইন, ২০০৯ প্রণীত হয়।

২. বাংলাদেশের সংবিধানে চিন্তা, বিবেক ও বাক-স্বাধীনতাকে নাগরিকের অন্যতম মৌলিক অধিকার হিসেবে স্বীকৃতি প্রদান করা হয়েছে এবং তথ্য প্রাপ্তির অধিকার চিন্তা, বিবেক ও বাক-স্বাধীনতার একটি অবিচ্ছেদ্য অংশ।

৩. সংবিধান অনুযায়ী প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক জনগণ হওয়ায় জনগণের ক্ষমতায়নের জন্য তথ্য অধিকার নিশ্চিত করা অত্যাবশ্যক।

৪. তথ্য অধিকার নিশ্চিত হলে সরকারি, স্বায়ত্তশাসিত ও সংবিধিবদ্ধ সংস্থা এবং সরকারি ও বিদেশি অর্থায়নে সৃষ্ট বা পরিচালিত বেসরকারি সংস্থার স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাবে, দুর্নীতি হ্রাস পাবে ও সুশাসন প্রতিষ্ঠিত হবে।

৫. তথ্য অধিকার আইন ২০০৯ এর ১০ ধারা অনুযায়ী তথ্য সরবরাহের নিমিত্ত একজন কর্মকর্তাকে কোম্পানির দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছে এবং কোম্পানির ওয়েবসাইটে (www.sgfl.org.bd) উক্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি মোবাইল ও ই-মেইল নম্বর দেওয়া আছে।

৬. তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৭ ধারা অনুযায়ী তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয় এমন তথ্য ব্যতীত অন্য যেকোনো তথ্যের জন্য যেকোনো নাগরিক কোম্পানির তথ্য কর্মকর্তার নিকট লিখিতভাবে বা ই-মেইলে তথ্য চেয়ে আবেদন আবেদন করতে পারবেন।

৭. তথ্য প্রাপ্তির আবেদনপত্রে আবেদনকারীর নাম, ঠিকানা এবং যে তথ্যের জন্য অনুরোধ করা হয়েছে তার নিভুল ও স্পষ্ট বর্ণনা থাকতে হবে।

৮. কোনো আবেদনকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট কোনো তথ্যের জন্য আবেদন করলে তথ্য অধিকার আইন,২০০৯ এর ৯ ধারা অনুযায়ী ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে তাকে উক্ত তথ্য সরবরাহ করা হবে। তবে চাহিদাকৃত তথ্যের সাথে একাধিক তথ্য প্রদান ইউনিটের সংশ্লিষ্টতা থাকলে ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে উক্ত তথ্য সরবরাহ করা হবে।

৯. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কোনো কারণে তথ্য প্রদানে অপরাগ হলে অপরাগতার কারণ উল্লেখ করে আবেদন প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে তিনি উহা অনুরোধকারীকে অবহিত করবেন।

১০. অনুরোধকৃত তথ্য কোনো ব্যক্তির জীবন-মৃত্যু, গ্রেফতার এবং কারাগার হতে মুক্তি সম্পর্কিত হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনুরোধ প্রাপ্তির ২৪ (চব্বিশ) ঘন্টার মধ্যে উক্ত বিষয়ে অনুরোধকারীকে প্রাথমিক তথ্য সরবরাহ করবেন।

১১. উল্লিখিত সময়সীমার মধ্যে তথ্য সরবরাহ করতে কোনো দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ব্যর্থ হলে সংশ্লিষ্ট তথ্য প্রাপ্তির অনুরোধ প্রত্যাখ্যাত হয়েছে বলে গণ্য হবে।

১২. কোনো অনুরোধকৃত তথ্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট মজুদ থাকলে তিনি উক্ত তথ্যের যুক্তিসংগত মূল্য নির্ধারণ করবেন এবং উক্ত মূল্য অনধিক ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে পরিশোধ করবার জন্য অনুরোধকারীকে অবহিত করবেন।

১৩. নির্ধারিত সময়সীমার মধ্যে তথ্য লাভে ব্যর্থ হলে কিংবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কোনো সিদ্ধান্তে সংক্ষুব্ধ হলে উক্ত সময়সীমা অতিক্রান্ত হবার বা ক্ষেত্রমত সিদ্ধান্ত লাভ করবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আপিল কর্তৃপক্ষের নিকট আপিল করতে পারবেন।

১৪. কোম্পানির আপিল কর্তৃপক্ষ পেট্রোবাংলার চেয়ারম্যান মহোদয়। কোম্পানির ওয়েবসাইটে (www.sgfl.org.bd) আপিল কর্তৃপক্ষের নাম পদবি মোবাইল ও ই-মেইল নম্বর দেওয়া আছে।

১৫. উল্লিখিত ধাপসমূহ অনুসরণ করে কোম্পানির কর্মকর্তা-কর্মচারী অথবা যেকোনো নাগরিক তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী কোম্পানির নিকট হতে তথ্য লাভ এবং প্রযোজ্য ক্ষেত্রে আপিল কর্তৃপক্ষের নিকট আপিল করতে পারবেন।

প্রচারে: সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

# তথ্য প্রবাহে লাভবান সমাজ টেকসই উন্নয়নে সবে করি কাজ

প্রচারে SGFL সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

সঠিক সময়ে তথ্য পেলে
হয়রানি হতে মুক্তি মেলে

APA

প্রচারে SGFL সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

# তথ্য জানুন
# এগিয়ে থাকুন

APA

প্রচারে SGFL সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

# তথ্য সবার অধিকার
# সব বিপদের হাতিয়ার

প্রচারে SGFL সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

APA

# তথ্যের সাথে থাকুন
# সফলতায় পথ চলুন

প্রচারে SGFL সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

SGFL

সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
ওয়েবসাইটঃ www.sgfl.org.bd
নৈতিকতা কমিটি, এসজিএফএল।

নম্বর ২৮.২০.৯১৫৩.০৫৬.৯৯.০০৬.২০.১২

তারিখ: ৮ চৈত্র ১৪২৯
২২ মার্চ ২০২৩

বিজ্ঞপ্তি

বিষয়: **জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ অর্থবছরের আওতায় ৩য় কোয়ার্টারে "সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা" আয়োজন প্রসঙ্গে।**

সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল) কর্তৃক ২০২২-২৩ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার আওতায় "সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা" **আগামী ২৭ মার্চ, ২০২৩ (সোমবার) দুপুর ১২:০০ ঘটিকায়** অনলাইন জুম প্লাটফর্মে অনুষ্ঠিত হবে।

আপনার প্রতিষ্ঠান/কোম্পানি হতে জাতীয় শুদ্ধাচার কৌশল/ সিটিজেন চার্টার/অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইন সংক্রান্ত কমিটির **সংশ্লিষ্ট ০১ (এক) জন করে কর্মকর্তা'কে** উক্ত অনলাইন সভায় যুক্ত থাকার জন্য অনুরোধ করা হলো।

<u>সভার আলোচ্যসূচী:</u>

| | |
|---|---|
| ১ | ২০২২-২৩ অর্থবছরে কোম্পানীর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৩য় কোয়ার্টার ( জানুয়ারী ২০২৩-মার্চ ২০২৩ ) এর লক্ষ্যমাত্রা বাস্তবায়নার্থে পর্যালোচনা; |
| ২ | কোম্পানীর সিটিজেন চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইন সংক্রান্ত আলোচনা ; |
| ৩ | বিবিধ। |

Date : 27 March 2023
Time : 12:00 AM, Monday

Zoom Meeting ID : 55 45 89 6995
Passcode : 123456

২২-৩-২০২৩
মোঃ মিজানুর রহমান
ব্যবস্থাপনা পরিচালক
ইমেইল: md@sgfl.org.bd